দৈনিক বাংলা

তারিখ ... 26 FEB 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

190

১৮

# নির্বাচনী নীতিমালার ভিত্তিতে কাজ করুন ঃ ছাত্রঐক্য

সর্বদলীয় ছাত্রঐক্য দেশে গণতন্ত্র প্রতিষ্ঠার এই পূর্ব মুহূর্তে নির্বাচন কমিশন ঘোষিত নীতিমালার ভিত্তিতে কার্যক্রম পরিচালনার জন্য সকল রাজনৈতিক দলের প্রতি আহবান জানিয়েছে।

বিবৃতিতে গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামের এই গুরুত্বপূর্ণ সময়ে সক্রিয়

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## নির্বাচনী নীতিমালার ভিত্তিতে কাজ

(প্রথম পৃষ্ঠার পর)

সহযোগিতার হাত প্রসারিত করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানানো হয়।

অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ছাত্র ব্রিগেড গঠনের কথা উল্লেখ করে বিবৃতিতে জানানো হয়, ছাত্র ব্রিগেড আজ ২৬ ফেব্রুয়ারী থেকে আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করবে। ডাকসু ভবন থেকে ছাত্র ব্রিগেডের কাজ পরিচালনা করা হবে। ভোটারগণ যাতে নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ করতে পারে এবং কোন অশুভ শক্তি যেন ভোট কেন্দ্রে কোন প্রকার বিশৃংখলা সৃষ্টি করতে না পারে ব্রিগেড সে ব্যাপারে আইন প্রয়োগকারী সংস্থাকে সর্বাত্মক সহযোগিতা করবে।

বিবৃতিতে বলা হয়, সর্বদলীয় ছাত্র ঐক্য অতীতে যেভাবে স্বৈরাচার বিরোধী সংগ্রামে অবিচল থেকেছে সেভাবে ভবিষ্যতেও গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদান এবং মুক্তিযুদ্ধের চেতনার ভিত্তিতে দশ দফা দাবী বাস্তবায়নের অঙ্গীকার পালন করবে।